

ঢাকা বিশ্ববিদ্যালয় রোকেয়া হল চত্বরে শহিদদের স্মরণে নির্মিত 'স্মৃতিফলক' উদ্বোধন করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. হুমায়ূন আহমেদ উপস্থিত থেকে এই ফলক উদ্বোধন করেন। পরে তিনি শহিদদের স্মৃতিফলকে পুষ্পস্তবক অর্পণ করেন।

এ সময় ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মো.

নিজামুল হক ভূঁইয়া, রোকেয়া হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. জিনাত হুদাসহ হলের আবাসিক শিক্ষক ও শহিদ পরিবারের সদস্যরা উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ সব শহিদদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে বলেন, সূত্রে গাঁথা। পাকিস্তানি হানাদার বাহিনী ঢাকা বিশ্ববিদ্যালয়কে টার্গেট করে ১৯৭১ সালের ২৫ মার্চ কালরাতে বিভিন্ন আবাসিক হলে গণহত্যা চালায়। এসব শহিদদের আত্ম-ত্যাগের বিনিময়ে আমরা স্বাধীন-সার্বভৌম বাংলাদেশ পেয়েছি।

উপাচার্য বলেন, বঙ্গবন্ধুকন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার গতিশীল নেতৃত্বে বাংলাদেশ আজ উন্নয়নশীল দেশে পরিণত হয়েছে। মহান মুজিববর্ষ, স্বাধীন এটি এক অনন্য অর্জন। এই অসাধারণ অর্জনের জন্য তিনি প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানান।